

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫০

আগরতলা, ১৮ জুন, ২০২৪

সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী

মন্ত্রিসভার বৈঠকে রাজ্যের বিভিন্ন দপ্তরে ৪৬৯টি পদে লোক নিয়োগের সিদ্ধান্ত

রাজ্যের বিভিন্ন দপ্তরে ৪৬৯টি পদে লোক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত ১৩ ও ১৫ জুন রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী মন্ত্রিসভায় গৃহীত সিদ্ধান্তসমূহের কথা জানান। তিনি জানান, ৪৬৯টি পদের মধ্যে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তরে ২২৬ জন, জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার (গ্রেড-৪), ১৬টি সুপার স্পেশালিটি মেডিক্যাল অফিসার (গ্রেড-৩), ১৭২ জন স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার (গ্রেড-৪) এবং অগ্নিনির্বাপক ও জরুরি পরিষেবা দপ্তরের অধীনে ৪৯ জন সাব-অফিসার (গ্রুপ-সি) পদে লোক নিয়োগ করা হবে। এই সবগুলি পদে লোক নিয়োগ প্রক্রিয়া টিপিএসসি'র মাধ্যমে সম্পন্ন করা হবে। এছাড়াও খাদ্য ও জনসংভরণ দপ্তরের অধীনে ৬ জন ফুড সাব-ইন্সপেক্টর (গ্রুপ-সি) পদে লোক নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই ৬টি পদের নিয়োগ প্রক্রিয়া জেআরবিটি'র মাধ্যমে সম্পন্ন করা হবে।

সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী আরও জানান, মন্ত্রিসভার বৈঠকে কেন্দ্রীয় সরকারের পরামর্শে নিশ্চিতপুর রেলওয়ে স্টেশন, সাব্রুম আইসিপি ও আগরতলা এমবিবি এয়ারপোর্টের ইমিগ্রেশন চালু করার সুবিধার্থে রাজ্যের অবসরপ্রাপ্ত ৬৭ জন পুলিশ অফিসারকে পুনর্নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

\*\*\*\*\*